# দ্বিতীয় অধ্যায়

# দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ

*বিবিএস এর সাময়িক হিসাব অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি অর্জিত হবে ৩.৯৭ শতাংশ। এসময়ে মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জাতীয় আয় দাঁড়াবে যথাক্রমে ২,৬৭১ মার্কিন ডলার ও ২,৮২০ মার্কিন ডলার। গত ২০২৩-২৪ অর্থবছরের চূড়ান্ত হিসাব অনুযায়ী মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জাতীয় আয় ছিল যথাক্রমে ২,৬২৫ মার্কিন ডলার এবং ২,৭৩৮ মার্কিন ডলার। ২০২৪-২৫ অর্থবছরে কৃষি খাতের প্রবৃদ্ধি কমে দাঁড়াবে ১.৭৯ শতাংশ, যা ২০২৩-২৪ অর্থবছরে ছিল ৩.৩০ শতাংশ। শিল্প খাতে ২০২২-২৩ অর্থবছরে প্রবৃদ্ধি ছিল ৮.৩৭ শতাংশ, যা ২০২৩-২৪ অর্থবছরে হ্রাস পেয়ে ৩.৫১ শতাংশে দাঁড়ায়। ২০২৪-২৫ অর্থবছরে শিল্পখাতের প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ৪.৩৪ শতাংশ। সেবা খাতের প্রবৃদ্ধি ২০২২-২৩ অর্থবছরের ৫.৩৭ শতাংশ থেকে ২০২৩-২৪ অর্থবছরে হ্রাস পেয়ে দাঁড়ায় ৫.০৯ শতাংশ, যা চলতি ২০২৪-২৫ অর্থবছরে হ্রাস পেয়ে ৪.৫১ শতাংশে দাঁড়াবে। চলতি ২০২৪-২৫ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী বৃহৎ কৃষি, শিল্প ও সেবা খাতের অবদান দাঁড়াবে যথাক্রমে ১০.৯৪ শতাংশ, ৩৭.৪৪ শতাংশ ও ৫১.৬২ শতাংশ, যা ২০২৩-২৪ অর্থবছরে ছিল যথাক্রমে ১১.১৯ শতাংশ, ৩৭.৩৭ শতাংশ এবং ৫১.৪৪ শতাংশ। সাময়িক হিসাবে ২০২৪-২৫ অর্থবছরে ভোগব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে জিডিপি'র ৭৬.৭৫ শতাংশ, যা ২০২৩-২৪ এবং ২০২২-২৩ অর্থবছরে ছিল যথাক্রমে ৭৬.০৪ শতাংশ ও ৭৪.২৪ শতাংশ। ২০২৩-২৪ অর্থবছরে স্থূল অভ্যন্তরীণ সঞ্চয় ছিল জিডিপি'র ২৩.৯৬ শতাংশ, যা ২০২৪-২৫ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী হ্রাস পেয়ে দাঁড়াবে জিডিপি'র ২৩.২৫ শতাংশে। একই সময়ে স্থূল জাতীয় সঞ্চয় ২০২৪-২৫ অর্থবছরে জিডিপি'র ২৯.০১ শতাংশে দাঁড়িয়েছে, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল জিডিপি'র ২৮.৪২ শতাংশ। অন্যদিকে, ২০২৪-২৫ অর্থবছরের বিনিয়োগ জিডিপি'র ২৯.৩৮ শতাংশে দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। এর মধ্যে সরকারি ও বেসরকারি বিনিয়োগ যথাক্রমে জিডিপির ৬.৯০ শতাংশ ও ২২.৪৮ শতাংশ।*

### চলতি বাজার মূল্যে স্থূল দেশজ উৎপাদ (জিডিপি)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সাময়িক হিসাব অনুযায়ী, ২০২৪-২৫ অর্থবছরে চলতি বাজার মূল্যে জিডিপির পূর্ববর্তী অর্থবছরের ৫০,০২,৬৫৪ কোটি টাকার তুলনায় বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৫৫,৫২,৭৫৩ কোটি টাকায়। সাময়িক হিসাব অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি হার স্থির মূল্যে ৩.৯৭ শতাংশ এবং চলতি বাজার মুল্যে ১১.০০ শতাংশ অর্জিত হবে। ২০২৪-২৫ অর্থবছরের মাথাপিছু জিডিপি পূর্ববর্তী অর্থবছরের ২,৯১,৫৪৭ টাকা হতে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৩,২১,২৫৪ টাকায়। অপরদিকে, পূর্ববর্তী অর্থবছরের মাথাপিছু জাতীয় আয় ৩,০৪,১০২ টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০২৪-২৫ অর্থবছরে ৩,৩৯,২১১ টাকায় দাঁড়িয়েছে। মার্কিন ডলার হিসাবে ২০২৪-২৫ অর্থবছরে মাথাপিছু জিডিপি পূর্ববর্তী অর্থবছরের মাথাপিছু জিডিপি ২৬২৫ মার্কিন ডলার হতে সামান্য বৃদ্ধি পেয়ে ২৬৭১ মার্কিন ডলারে দাঁড়িয়েছে। এসময়ে মাথাপিছু জাতীয় আয় দাঁড়িয়েছে ২৮২০ মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ২,৭৩৮ মার্কিন ডলার। ২০১৬-১৭ অর্থবছর থেকে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে মোট এবং মাথাপিছু জিডিপি ও স্থূল জাতীয় আয় (জিএনআই) সারণি ২.১ এ উপস্থাপন করা হয়েছে:

**সারণি ২.১: চলতি বাজার মূল্যে জিডিপি, জিএনআই, মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জিএনআই (ভিত্তি বছর ২০১৫-১৬)**

| সূচক | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫* |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| জিডিপি (কোটি টাকায়) | ২৩২৪৩০৭ | ২৬৩৯২৪৮ | ২৯৫১৪২৯ | ৩১৭০৪৬৯ | ৩৫৩০১৮৫ | ৩৯৭১৭১৬ | ৪৪৯০৮৪২ | ৫০০২৬৫৪ | ৫৫৫২৭৫৩ |
| জিএনআই (কোটি টাকায়) | ২৪০৪৫৫৭ | ২৭৪৪৭৯১ | ৩০৭২৩২৪ | ৩৩০১৭০১ | ৩৭১৫৯৯৭ | ৪১২৯০৬২ | ৪৬৭০০৮০ | ৫২১৮০৮১ | ৫৮৬৩১২৪ |
| জনসংখ্যা (কোটিতে) | ১৬.১৮ | ১৬.৩৭ | ১৬.৫৬ | ১৬.৭৪ | ১৬.৯১ | ১৭.১৩ | ১৭.০৮ | ১৭.১৬ | ১৭.২৮ |
| মাথাপিছু জিডিপি (টাকায়) | ১৪৩৬৯৮ | ১৬১২৭৪ | ১৭৮২৮০ | ১৮৯৩৬১ | ২০৮৭৫১ | ২৩১৮৬১ | ২৬২৮৬৮ | ২৯১৫৪৭ | ৩২১২৫৪ |
| মাথাপিছু জিএনআই (টাকায়) | ১৪৮৬৫৯ | ১৬৭৭২৩ | ১৮৫৫৮৩ | ১৯৭১৯৯ | ২১৯৭৩৮ | ২৪১০৪৭ | ২৭৩৩৬০ | ৩০৪১০২ | ৩৩৯২১১ |
| মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে) | ১৮১৬ | ১৯৬৪ | ২১২২ | ২২৩৪ | ২৪৬২ | ২৬৮৭ | ২৬৪৩ | ২৬২৫ | ২৬৭১ |
| মাথাপিছু জিএনআই (মার্কিন ডলারে) | ১৮৭৯ | ২০৪৩ | ২২০৯ | ২৩২৬ | ২৫৯১ | ২৭৯৩ | ২৭৪৯ | ২৭৩৮ | ২৮২০ |

উৎস:বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো *সামযিক।

## জিডিপির হিসাব প্রাক্কলন

উৎপাদন ভিত্তিতে জিডিপি প্রাক্কলনে অর্থনীতিকে ৩টি বৃহৎ খাত তথা: কৃষি, শিল্প ও সেবায় বিভক্ত করা হয়েছে। ২০০৫-০৬ ভিত্তি বছরের জিডিপি ১৫টি খাত নিয়ে গঠিত। কৃষি ও বনজ এবং মৎস্য-এ দুটি খাত সমন্বয়ে বৃহৎ কৃষি খাত গঠিত। আবার, খনিজ ও খনন, ম্যানুফ্যাকচারিং, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং নির্মাণ খাত নিয়ে বৃহৎ শিল্পখাত গঠিত। এছাড়া, পাইকারি ও খুচরা বাণিজ্য, যানবাহন ও মেরামত, হোটেল ও রেস্তোরাঁ, পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ, আর্থিক প্রাতিষ্ঠানিক সেবা, রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা, লোক প্রশাসন ও প্রতিরক্ষা, শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সেবা এবং কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা খাতসমূহ নিয়ে বৃহৎ সেবা খাত গঠিত।

বর্তমান সময়ে অর্থনৈতিক কর্মকাণ্ডের ব্যাপক প্রসার বিশেষ করে সেবা খাতে নতুন নতুন খাত/উপখাত অর্থনীতিতে যুক্ত হয়েছে। ফলে, ২০১৫-১৬ ভিত্তিবছরের জিডিপিতে বিদ্যমান কয়েকটি খাতের পুনর্বিন্যাস এবং নতুন খাতসমূহ অন্তর্ভুক্তির ফলে বর্তমানে জিডিপি ১৯টি খাতের মূল্য সংযোজন ভিত্তিতে প্রাক্কলন করা হয়। সারণি ২.২-এ চলতি বাজার মূল্যে খাতভিত্তিক জিডিপি'র পূর্ণাঙ্গ চিত্র তুলে ধরা হলো।

### সারণি ২.২: চলতি বাজার মূল্য খাতভিত্তিক জিডিপি

(কোটি টাকায়)

| খাত/উপখাত | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫* |
|---|---|---|---|---|---|---|---|---|
| **ক. কৃষি** | **৩২৯৩৮০** | **৩৫৩৪৪৩** | **৩৮০৪৪৬** | **৪১০৬৬১** | **৪৪৫৫৩১** | **৪৯৪১৫৮** | **৫৫৮৫৩৬** | **৬২৬৮৪৪** |
| **১। কৃষি ,বনজ এবং মৎস্য সম্পদ** | ৩২৯৩৮০ | ৩৫৩৪৪৩ | ৩৮০৪৪৬ | ৪১০৬৬১ | ৪৪৫৫৩১ | ৪৯৪১৫৮ | ৫৫৮৫৩৬ | ৬২৬৮৪৪ |
| ক) শস্য ও শাকসবজি | ১৬২৩৩৩ | ১৭৩৩৭৮ | ১৮৬১১৬ | ১৯৯৬৩১ | ২১৫৩৬৫ | ২৩৯৫১৫ | ২৭৪৮০২ | ৩০৫৭০৬ |
| খ) প্রাণি সম্পদ | ৫৩১৮৬ | ৫৬২৯০ | ৫৯৭১৫ | ৬৩২৯৩ | ৬৭৩৯৯ | ৭৩৬৬৫ | ৮১৮৯৮ | ৯১০৩৭ |
| গ) বনজ সম্পদ এবং সহায়ক সেবা | ৪৩৫৬৩ | ৪৬৬৩৯ | ৫০৩৯৯ | ৫৫৯১৬ | ৬৩৭৪৮ | ৭১৩৩৪ | ৭৯৫৮৮ | ৮৮৫৫৩ |
| ঘ) মৎস্য সম্পদ | ৭০২৯৮ | ৭৭১৩৬ | ৮৪২১৬ | ৯১৮২২ | ৯৯০২০ | ১০৯৬৪৫ | ১২২২৪৯ | ১৪১৫৪৮ |
| **খ. শিল্প** | **৮৪৪১০৬** | **৯৬৯৬২০** | **১০৪৩৪৫১** | **১১৭৬১২০** | **১৩৪৭২০৯** | **১৫৫৩৫৭৪** | **১৭০৫৭৬৪** | **১৮৭৭৫১২** |
| **২। খনিজ ও খনন** | ৪৪২৭৬ | ৫২৬১০ | ৫৫২২৪ | ৫৯১০২ | ৫৮৯১৬ | ৭০২৪৪ | ৭৩৮০২ | ৭৮৩৭১ |
| ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তেল | ১১৯৬৯ | ১২০৫৪ | ১১৬২১ | ১১৭৪৩ | ১১৪৯৪ | ১২০৫২ | ১২৩২৮ | ১১৮৫৯ |
| খ) অন্যান্য খনিজ সম্পদ ও কয়লা | ৩২৩০৭ | ৪০৫৫৬ | ৪৩৬০৩ | ৪৭৩৫৯ | ৪৭৪২৩ | ৫৮১৯২ | ৬১৪৭৪ | ৬৬৫১২ |
| **৩। শিল্প (ম্যানুঃ)** | ৫৪৯০২৪ | ৬২৫৯৩৭ | ৬৫৩০৬৪ | ৭৪৯৬৫৯ | ৮৬৪৪৩৭ | ১০০৩৩৪৫ | ১০৯৫২২৯ | ১২২৮৪১০ |
| ক) বৃহৎ শিল্প | ২৭৫৬৭৬ | ৩১১৮৫৮ | ৩১৮০৩৩ | ৩৫৭৩৫৭ | ৪২২৮৯৬ | ৪৮৬৬৪৩ | ৫২০৩৩৪ | ৫৯৫০৫১ |
| খ) ছোট, মাঝারি এবং ক্ষুদ্র শিল্প | ১৭৩৮৫৮ | ১৯৮০৬৬ | ২০৮৬৯৬ | ২৪৮৯৯৯ | ২৭৩৫৮৭ | ৩১৯৩২৩ | ৩৫২৬২১ | ৩৮৬৭৩৮ |
| গ) কুটির শিল্প | ৯৯৪৯০ | ১১৬০১৪ | ১২৬৩৩৫ | ১৪৩৩০২ | ১৬৭৯৫৪ | ১৯৭৩৭৯ | ২২২২৭৪ | ২৪৬৬২১ |
| **৪। বিদ্যুৎ, গ্যাস, বাষ্প এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা** | ৩২৬২৫ | ৩৮১৪৪ | ৪৪৫২৩ | ৪৪৯০২ | ৫০৪১৪ | ৫৫২৯৫ | ৫৯৬৪৬ | ৬৬৭৩৩ |
| ক) বিদ্যুৎ | ২৪৬০৪ | ৩০২৩৯ | ৩৬৯২৬ | ৩৭০৯৬ | ৪২০৬২ | ৪৬৫৭৯ | ৫০৫৪০ | ৫৬৯৭৯ |
| খ) গ্যাস | ৮০২২ | ৭৯০৫ | ৭৫৯৭ | ৭৮০৬ | ৮৩৫১ | ৮৭১৭ | ৯১০৬ | ৯৭৫৫ |
| **৫। পানি সরবরাহ; পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং পুনর্ব্যবহার** | ২৪৮৮ | ২৬৭৪ | ২৭৬১ | ২৯৬৮ | ৩৮০৯ | ৪৩৮০ | ৪৭০৮ | ৫১৬৩ |
| **৬। নির্মাণ** | ২১৫৬৯৩ | ২৫০২৫৫ | ২৮৭৮৮০ | ৩১৯৪৯০ | ৩৬৯৬৩৩ | ৪২০৩১১ | ৪৭২৩৭৯ | ৪৯৮৮৩৫ |
| **গ. সেবা** | **১৩৪৩১১৮** | **১৫০০৭৮০** | **১৬৩৩১৫০** | **১৮১১০৩৮** | **২০২৭০৮৮** | **২২৯৫৩৫৫** | **২৫৭২১৯৭** | **২৮৮৮৮৭৮** |
| **৭। পাইকারি ও খুচড়া ব্যবসা; যানবাহন ও মোটরসাইকেল মেরামত** | ৩৭৩৭১৬ | ৪১৮৩৯৫ | ৪৪৫৭৫৭ | ৪৯৭৬৫২ | ৫৬৭০৯৭ | ৬৪৭৩৬৭ | ৭৩০৩৫৩ | ৮১৪৮৬৯ |
| **৮। পরিবহণ এবং সংরক্ষণ** | ১৯৭৮০৬ | ২১৯৭১২ | ২৩২২৫২ | ২৫৬২১৫ | ২৮৫২৭২ | ৩২৪০৮২ | ৩৫৯৫৫৪ | ৪০১৩০০ |
| ক) স্থল পথ পরিবহণ | ১৭২৬৩৫ | ১৯২৭০৬ | ২০৩৮৯৮ | ২২৬৮৮১ | ২৫৩৪২৯ | ২৯০০৬২ | ৩২১৬৪৩ | ৩৬০৩০৪ |
| খ ) পানি পথ পরিবহণ | ১৫০৮৮ | ১৫৮৬৪ | ১৬৫৭১ | ১৭৪৭৫ | ১৮৪১৯ | ১৯০৮২ | ২০৮৩৯ | ২২৩০৩ |
| গ) আকাশ পথ পরিবহণ | ২০৯৫ | ২২৫০ | ২৩০৪ | ২২৭৯ | ২৪২২ | ২৭৫৮ | ৩০৩৭ | ৩৩৪৬ |
| ঘ) সংরক্ষণ এবং সহায়ক সেবা | ৬৮৭৭ | ৭৬৬৭ | ৮১৫৬ | ৮১৪১ | ৯৪৪৫ | ১০৪১৪ | ১২১১০ | ১৩২২৬ |
| ঙ) ডাক ও কুরিয়ার যোগাযোগ | ১১১২ | ১২২৪ | ১৩২৩ | ১৪৩৯ | ১৫৫৭ | ১৭৬৭ | ১৯৩৫ | ২১২১ |
| **৯। আবাসন এবং খাদ্য পরিবেশন কার্যক্রম** | ৩০১০৬ | ৩৩৫৫০ | ৩৬০১৫ | ৩৯৮৫৭ | ৪৪৪৫২ | ৫১১৫৬ | ৫৯৭১৮ | ৭০৩৪৮ |
| **১০। তথ্য ও যোগাযোগ** | ২৯৪৬১ | ৩২২০৪ | ৩৫১০৮ | ৩৮৪৪৮ | ৪১৪২২ | ৪৭৩২৬ | ৫০১৮৮ | ৫৪৩৯৯ |
| **১১। আর্থিক এবং বীমা কার্যক্রম** | ৮১৭২৩ | ৯৩২৯৭ | ১০৩২১৭ | ১১৫২৭১ | ১২৯৫৩৯ | ১৪৪৭৮৫ | ১৬০৭৬৯ | ১৭৯৯০০ |
| ক) আর্থিক মধ্যস্থতা কার্যক্রম (ব্যাংক) | ৬৯৩২৬ | ৭৯৪১৭ | ৮৮০৪৪ | ৯৮৪৫৭ | ১১০৮৭৮ | ১২৩৯৩৩ | ১৩৭৪৫৭ | ১৫৩৭৪৭ |

| খাত/উপখাত | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫* |
|---|---|---|---|---|---|---|---|---|
| খ) বীমা | ৭৪৩৯ | ৮২০২ | ৮৮৫১ | ৯৬৪৩ | ১০৫৫৬ | ১১৬৩০ | ১২৮৯৯ | ১৪২৯৯ |
| গ) অন্যান্য আর্থিক সহায়ক কার্যক্রম | ৪৯৫৮ | ৫৬৭৮ | ৬৩২২ | ৭১৭১ | ৮১০৫ | ৯২২১ | ১০৪১২ | ১১৮৫৪ |
| **১২। রিয়েল এস্টেট কার্যক্রম** | ২৩৫৯৯০ | ২৬০৭১৫ | ২৮৮০০১ | ৩১৩০২৯ | ৩৪০১৮২ | ৩৭৩৪১৪ | ৪০৮৯৭৯ | ৪৪৭৩৭৮ |
| **১৩। পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত কার্যক্রম** | ৪৭১৪ | ৫১৭৯ | ৫৬৫৬ | ৬২৭৩ | ৬৯৪২ | ৮৪২৩ | ৯৯০৭ | ১১৯৬৮ |
| **১৪। প্রশাসনিক ও সহায়তামূলক পরিষেবা কার্যক্রম** | ১৭২৬৯ | ২০০১৭ | ২৩০০৫ | ২৭১৩৮ | ৩১১৩৬ | ৩৭৫০৪ | ৪৪৬৩৪ | ৫৪৫৮১ |
| **১৫। জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা** | ৯০২৪৯ | ৯৯০০৬ | ১০৬৯৬৫ | ১১৬৯৯৬ | ১২৭৩৬৬ | ১৪৭২৮১ | ১৬১৪৬৩ | ১৭৯৫৪৯ |
| **১৬। শিক্ষা** | ৬৮১৬৪ | ৭৬৯৬১ | ৮৫৬৪৩ | ৯৫৬৪২ | ১০৯৫১৪ | ১২৫৯৭৪ | ১৪৭২৫৭ | ১৭৩৬৭০ |
| **১৭। মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম** | ৭৩৩৬৫ | ৮৬৮১১ | ১০১৫২২ | ১১৮৫০০ | ১৩৮২০৭ | ১৬১৫৩৩ | ১৮৬১৯১ | ২১৭৩৭৫ |
| **১৮। শিল্পকলা ও বিনোদন** | ৩৭৭২ | ৪২৪৪ | ৪৭৬১ | ৫৩৪১ | ৬০৭৪ | ৬৯১২ | ৭৯৬৪ | ৯২০৪ |
| **১৯। অন্যান্য সেবা কার্যক্রম** | ১৩৬৭৮৩ | ১৫০৬৯১ | ১৬৫২৫০ | ১৮০৬৭৭ | ১৯৯৮৮৬ | ২১৯৬০০ | ২৪৫২২০ | ২৭৪৩৩৭ |
| **চলতি মূল্যে মোট মূল্য সংযোজন** | ২৫১৬৬০৩ | ২৮২৩৮৪৩ | ৩০৫৭০৪৮ | ৩৩৯৭৮১৯ | ৩৮১৯৮২৯ | ৪৩৪৩০৮৭ | ৪৮৩৬৪৯৭ | ৫৩৯৩২৩৩ |
| **বৃদ্ধির হার (%)** | ১৩.২৭ | ১২.২১ | ৮.২৬ | ১১.১৫ | ১২.৪২ | ১৩.৭ | ১১.৪ | ১১.৫১ |
| **ভর্তুকি ব্যতিরেকে কর** | ১২২৬৪৫ | ১২৭৫৮৬ | ১১৩৪২৮ | ১৩২৩৬৬ | ১৫১৮৮৮ | ১৪৭৭৫৪ | ১৬৬১৫৭ | ১৫৯৫২০ |
| **ভিত্তি বাজার মূল্যে জিডিপি** | **২৬৩৯২৪৮** | **২৯৫১৪২৯** | **৩১৭০৪৬৯** | **৩৫৩০১৮৫** | **৩৯৭১৭১৬** | **৪৪৯০৮৪২** | **৫০০২৬৫৪** | **৫৫৫২৭৫৩** |
| **প্রবৃদ্ধির হার (%)** | **১৩.৫৫** | **১১.৮৩** | **৭.৪২** | **১১.৩৫** | **১২.৫১** | **১৩.০৭** | **১১.৪০** | **১১.০০** |

উৎস:বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক।

## স্থির মূল্যে খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধি

২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে বা স্থির মূল্যে (Base Price or Constant Price) ২০১৮-১৯ হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার সারণি ২.৩ এবং বৃহৎ খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধির হার লেখচিত্র ২.১ -এ দেখানো হলো।

### সারণি ২.৩: ২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার


(শতকরা হার)

| খাত/উপখাত | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫* |
|---|---|---|---|---|---|---|---|
| **ক. কৃষি** | **৩.২৬** | **৩.৪২** | **৩.১৭** | **৩.০৫** | **৩.৩৭** | **৩.৩০** | **১.৭৯** |
| **১। কৃষি ,বনজ এবং মৎস্য সম্পদ** | ৩.২৬ | ৩.৪২ | ৩.১৭ | ৩.০৫ | ৩.৩৭ | ৩.৩০ | ১.৭৯ |
| ক) শস্য ও শাকসবজি | ২.০৭ | ২.৫ | ২.২৯ | ২.৬১ | ৩.১৫ | ৪.০০ | -০.৩৯ |
| খ) প্রাণি সম্পদ | ৩.০১ | ৩.১৯ | ২.৯৪ | ৩.১০ | ৩.১৭ | ৩.০৭ | ৩.১৯ |
| গ) বনজ সম্পদ এবং সহায়ক সেবা | ৫.১৩ | ৫.৩৪ | ৪.৯৮ | ৫.০৮ | ৫.১৩ | ৪.৯৯ | ৫.০৪ |
| ঘ) মৎস্য সম্পদ | ৪.৯৯ | ৪.৪ | ৪.১১ | ২.৬৪ | ২.৮০ | ০.৭৯ | ৩.২৪ |
| **খ. শিল্প** | **১১.৬৩** | **৩.৬১** | **১০.২৯** | **৯.৮৬** | **৮.৩৭** | **৩.৫১** | **৪.৩৪** |
| **২। খনিজ ও খনন** | ১১.৩১ | ৩.১৬ | ৬.৪৯ | -১.১২ | ১২.৭৩ | -১.১৫ | ১.০৩ |
| ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তেল | -০.৫৭ | -৪.৪৭ | ০.৩২ | -৪.৬৭ | -৪.১৮ | -৫.৯৮ | -৬.১৪ |
| খ) অন্যান্য খনিজ সম্পদ ও কয়লা | ১৫.৬৯ | ৫.৫৮ | ৮.২৬ | -০.১৭ | ১৭.০২ | -০.১৪ | ২.৪৪ |
| **৩। শিল্প (ম্যানুঃ)** | ১২.৩৩ | ১.৬৮ | ১১.৫৯ | ১১.৪১ | ৮.৮৯ | ৩.১৬ | ৫.৬৮ |
| ক) বৃহৎ শিল্প | ১২.৭৯ | ০.৪১ | ১০.৬১ | ১৫.৬৮ | ৮.৩৮ | ১.০২ | ৬.১৭ |
| খ) ছোট, মাঝারি এবং ক্ষুদ্র শিল্প | ১০.৬১ | ২.৬৯ | ১৩.৮৯ | ৪.৮৪ | ৯.১৫ | ৪.৬৬ | ৪.৯২ |
| গ) কুটির শিল্প | ১৪.১৭ | ৩.৬৭ | ১০.২৭ | ১১.১২ | ১০.০১ | ৬.৯২ | ৫.৬২ |
| **৪। বিদ্যুৎ, গ্যাস, বাষ্প এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা** | ৮.২৪ | ০.৬৭ | ৯.৫৪ | ৬.১৫ | ২.৪৬ | ০.৯৮ | ৪.৭৯ |
| ক) বিদ্যুৎ | ১০.২২ | ১.৮৭ | ১১.৬৫ | ৭.৭৫ | ৩.৪০ | ১.৫৫ | ৬.৩২ |
| খ) গ্যাস | ১.৬২ | -৩.৬৮ | ১.৪৫ | -০.৬১ | -১.৮৪ | -১.৭৮ | -২.৮৫ |
| **৫। পানি সরবরাহ; পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং পুনর্ব্যবহার কার্যক্রম** | ৬.৩১ | ২.১৮ | ৬.৬৫ | ৯.৫৪ | **৮.৮৮** | ৩.৯৫ | ৬.০১ |
| **৬। নির্মাণ** | ১০.৪৭ | ৯.১৩ | ৮.০৮ | ৮.৭১ | **৬.৯৮** | ৫.৬৩ | ১.৪৬ |
| **গ. সেবা** | **৬.৮৮** | **৩.৯৩** | **৫.৭৩** | **৬.২৬** | **৫.৩৭** | **৫.০৯** | **৪.৫১** |
| **৭। পাইকারি ও খুচড়া ব্যবসা; যানবাহন ও মোটরসাইকেল মেরামত** | ৮.৮৫ | ৩.২১ | ৭.৬৪ | ৮.৪৬ | ৬.৩৮ | ৫.৭৭ | ৪.৩৫ |
| **৮। পরিবহণ এবং সংরক্ষণ** | ৭.০১ | ১.৭৩ | ৪.০৪ | ৫.৭৫ | ৫.৪৯ | ৫.১৪ | ৪.৩৭ |
| ক) স্থল পথ পরিবহণ | ৭.৪২ | ১.৭৪ | ৪.৬৮ | ৬.০৮ | ৬.১০ | ৫.২৯ | ৪.৮১ |
| খ ) পানি পথ পরিবহণ | ১.৪৫ | ০.৭৫ | ১.৮০ | ১.২২ | -২.১৬ | ০.৫৯ | -০.৪৩ |
| গ) আকাশ পথ পরিবহণ | ৭.০৮ | ১.২৯ | -২.০০ | ৩.৮৪ | ৮.২১ | ৬.১৫ | ৩.১৬ |

| খাত/উপখাত | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫* |
|---|---|---|---|---|---|---|---|
| ঘ) সংরক্ষণ এবং সহায়ক সেবা | ৮.৭৬ | ৩.৪২ | -৪.৯৯ | ৭.৪৩ | ৩.৫৪ | ৯.৪৩ | ২.০৪ |
| ঙ) ডাক ও কুরিয়ার যোগাযোগ | ৪.৪৮ | ২.০৭ | ৩.৩৪ | ১.৭৬ | ৩.৭৭ | ২.৫৩ | ০.৩৭ |
| **৯। আবাসন এবং খাদ্য পরিবেশন কার্যক্রম** | ৫.৬৪ | ১.৬৯ | ৪.৫৩ | ৫.৩৭ | ৫.৮৪ | ৫.৬০ | ৫.৬৯ |
| **১০। তথ্য ও যোগাযোগ** | ৭.৩৬ | ৬.৫৭ | ৭.১১ | ৪.৭৯ | ৬.৩৫ | ৪.০৬ | ২.৯১ |
| **১১। আর্থিক এবং বীমা কার্যক্রম** | ৮.২৫ | ৪.৭২ | ৫.৮২ | ৫.৮৭ | ২.৫৫ | ১.২১ | ১.৫৩ |
| ক) আর্থিক মধ্যস্থতা কার্যক্রম (ব্যাংক) | ৮.৬২ | ৪.৯৪ | ৫.৯৬ | ৬.০৯ | ২.৫৫ | ১.০৯ | ১.৪৮ |
| খ) বীমা | ৪.৫৪ | ২.১৬ | ৩.২২ | ৩.১৪ | ১.০৮ | ১.০৯ | ০.৪৮ |
| গ) অন্যান্য আর্থিক সহায়ক কার্যক্রম | ৮.৫৯ | ৫.৩৮ | ৭.৪৮ | ৬.৪৮ | ৪.৩৯ | ২.৯১ | ৩.৪৮ |
| **১২। রিয়েল এস্টেট কার্যক্রম** | ৩.৬১ | ৩.৬৮ | ৩.৪২ | ৩.৭০ | ৩.৬৮ | ৩.৫০ | ৩.৪৯ |
| **১৩। পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত কার্যক্রম** | ৪.১৭ | ৩.৩৮ | ৫.০৯ | ৪.২৫ | ৮.৮০ | ৭.৬৪ | ৬.২৩ |
| **১৪। প্রশাসনিক ও সহায়তামূলক পরিষেবা কার্যক্রম** | ৮.১৭ | ৬.৩৩ | ৬.০২ | ৬.০১ | ৭.৫১ | ৮.৮৬ | ৯.৬২ |
| **১৫। জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা** | ৬.৪৯ | ৫.৪৯ | ৬.০৫ | ৪.৯১ | ৭.০৩ | ৫.৫৮ | ৬.৬০ |
| **১৬। শিক্ষা** | ৭.০৬ | ৫.৩৩ | ৫.৮১ | ৭.৮৭ | ৫.৫৩ | ৬.৫৬ | ৭.৫৩ |
| **১৭। মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম** | ১২.২ | ১০.৭ | ১০.৬ | ৯.৮৮ | ৭.২২ | ৯.২৭ | ৬.৩৮ |
| **১৮। শিল্পকলা ও বিনোদন** | ৫.৪৮ | ৫.৪৩ | ৫.৭৬ | ৬.০৭ | ৬.৩৪ | ৬.৪২ | ৬.৬৮ |
| **১৯। অন্যান্য সেবা কার্যক্রম** | ৩.২৭ | ৩.০৬ | ৩.০৮ | ৩.১৯ | ৩.২৪ | ৩.১৪ | ৩.২০ |
| **ভিত্তি বাজার মূল্যে স্থুল মূল্য সংযোজন** | ৮.০১ | ৩.৭৬ | ৭.০০ | ৭.১৭ | ৬.২৫ | ৪.২৯ | ৪.১৪ |
| ভর্তুকি ব্যতিরেকে কর | ৪.৯৪ | -৩.৬৫ | ৫.৩৩ | ৫.৪৩ | -৬.২৬ | ২.২৪ | -০.৯০ |
| **ভিত্তি বাজার মূল্যে জিডিপি** | **৭.৮৮** | **৩.৪৫** | **৬.৯৪** | **৭.১০** | **৫.৭৮** | **৪.২২** | **৩.৯৭** |

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক।

**লেখচিত্র ২.১: স্থিরমূল্যে বৃহৎ খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধির হার (%)**




* সাময়িক

## কৃষি খাত

সাময়িক হিসাব অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরে কৃষি খাতে প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ১.৭৯ শতাংশ, যা পূর্ববর্তী ২০২৩-২৪ অর্থবছরে ছিল ৩.৩০ শতাংশ। এ সময়ে কৃষি খাতের চারটি উপখাতের মধ্যে মৎস্য, প্রাণিসম্পদ এবং বনজ সম্পদ উপখাতের প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে। তবে শস্য ও শাকসবজি উপখাতে প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় কিঞ্চিৎ হ্রাস পেয়েছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), কৃষি মন্ত্রণালয় এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর যৌথ সাময়িক হিসাব অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরে প্রকৃত খাদ্যশস্য উৎপাদন হয়েছে ৫০৩.৫৪ লাখ মেট্রিক টন। চলতি অর্থবছরে ধানের প্রকৃত উৎপাদন হয়েছে আউশ ২৭.৯৩ লাখ মেঃ টন, আমন ১৬৫.১৫ লাখ মেঃ টন এবং বোরো ২২৬.০৮ লাখ মেঃ টন। এছাড়া, গম ও ভুট্টার প্রকৃত উৎপাদন হয়েছে যথাক্রমে ১০.৪১ লাখ মেট্রিক টন এবং ৭৩.৯৬ লাখ মেট্রিক টন।

মৎস্য অধিদপ্তরের হিসাবে ২০২৪-২৫ অর্থবছরে মোট মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ৫২.৫৫ লক্ষ মেট্রিক টন (অভ্যন্তরীণ উৎস হতে ৪৬.০০ লক্ষ মেট্রিক টন ও সামুদ্রিক উৎস হতে ৬.৮৪ লক্ষ মেট্রিক টন) নির্ধারণ করা হয়েছে, পূর্ববর্তী অর্থবছরে মোট

উৎপাদনের পরিমাণ ছিল ৫০.১৮ লক্ষ মেট্রিক টন (অভ্যন্তরীণ উৎস হতে ৪৩.৮৯ লক্ষ মেট্রিক টন ও সামুদ্রিক উৎস হতে ৬.২৮ লক্ষ মেট্রিক টন)।

### শিল্পখাত

শিল্প খাতে প্রবৃদ্ধি ২০২২-২৩ অর্থবছরের তুলনায় ২০২৩-২৪ অর্থবছরে হ্রাস পেয়ে ৩.৫১ শতাংশে দাঁড়ায়। সাময়িক হিসাবে ২০২৪-২৫ অর্থবছরে শিল্পখাতের প্রবৃদ্ধি দাঁড়াবে ৪.৩৪ শতাংশে। শিল্প খাতের অন্তর্ভুক্ত খনিজ ও খনন খাতে ২০২৩-২৪ অর্থবছরে প্রবৃদ্ধি ছিল -১.১৫ শতাংশ যা চলতি ২০২৪-২৫ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ১.০৩ শতাংশ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ম্যানুফ্যাকচারিং খাতের প্রবৃদ্ধি ২০২৩-২৪ অর্থবছরে ছিল ৩.১৬ শতাংশ যা সাময়িক হিসাব অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরে ৫.৬৮ শতাংশ হিসাবে প্রাক্কলন করা হয়েছে। তন্মধ্যে, বৃহৎ শিল্প খাতের প্রবৃদ্ধি ৬.১৭ শতাংশ, ছোট (micro), মাঝারি এবং ক্ষুদ্র শিল্প খাতে ৪.৯২ শতাংশ এবং কুটির শিল্প খাতের প্রবৃদ্ধি ৫.৬২ শতাংশ।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রণীত 'Index of All Manufacturing Enterprise of Large, SMME & Cottage Scale, (ভিত্তিবছর ২০১৫-১৬) অনুসারে ২০২৪-২৫ অর্থবছরে (জুলাই- জুন, ২০২৫) গড়ে বৃহৎ শিল্প, SMME ও কুটির শিল্প উপখাতে উৎপাদন সূচক দাঁড়িয়েছে যথাক্রমে ২১২.১১, ২২৭.৮২ এবং ২১৪.৩৫ পয়েন্টে, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে ছিল যথাক্রমে ২০১.৩৯, ২১৬.২৩ এবং ২০১.৭০ পয়েন্ট।

### সেবা খাত

২০০৫-০৬ ভিত্তি বছরের জিডিপিতে বৃহৎ সেবা (broad service) খাতের অন্তর্গত ৯টি খাত থেকে ২০১৫-১৬ অর্থবছরের জিডিপিতে খাতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩টি। চূড়ান্ত হিসাবে ২০২৩-২৪ অর্থবছরে বৃহৎ সেবা খাতের প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের ৫.৩৭ শতাংশের তুলনায় ০.২৮ পার্সেন্টেজ পয়েন্ট হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৫.০৯ শতাংশ। সাময়িক হিসাব অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরে সেবা খাতের প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ৪.৫১ শতাংশ। এর মধ্যে মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম ৬.৩৮ শতাংশ, শিক্ষা ৭.৫৩ শতাংশ, জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা খাতে ৬.৬০ শতাংশ, পেশাদার, বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত কার্যক্রম খাতের বৃদ্ধি ৬.২৩ শতাংশ, তথ্য ও যোগাযোগ ২.৯১ শতাংশ, প্রশাসনিক ও সহায়তামূলক পরিষেবা কার্যক্রম খাতে ৯.৬২ শতাংশ, আবাসন ও খাদ্য পরিবেশন কার্যক্রম খাতে ৫.৬৯ শতাংশ, পাইকারি ও খুচরা ব্যবসা খাতের প্রবৃদ্ধি ৪.৩৫ শতাংশ, পরিবহণ ও সংরক্ষণ খাতে প্রবৃদ্ধি ৪.৩৭ শতাংশ উল্লেখযোগ্য।

### স্থির মূল্যে জিডিপিতে খাতসমূহের অবদান

সাময়িক হিসাবে ২০২৪-২৫ অর্থবছরে স্থির মূল্যে জিডিপিতে কৃষি খাতের অবদান ১০.৯৪ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ১১.১৯ শতাংশ। ২০২৪-২৫ অর্থবছরে স্থির মূল্যে বৃহৎ শিল্প খাতের মধ্যে ম্যানুফ্যাকচারিং খাত এবং নির্মাণ খাতের অবদান বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে যথাক্রমে ২৪.৯৯ শতাংশ এবং ৯.৪৮ শতাংশ। সার্বিকভাবে ২০২৪-২৫ অর্থবছরে স্থির মূল্যের জিডিপিতে শিল্প খাতের অবদান হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৩৭.৪৪ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৩৭.৩৭ শতাংশ। সাময়িক হিসাবে ২০২৪-২৫ অর্থবছরের জিডিপি'তে সেবা খাতের অবদান পূর্ববর্তী অর্থবছরের ৫১.৪৪ শতাংশের তুলনায় বৃদ্ধি পেয়ে ৫১.৬২ শতাংশে দাঁড়িয়েছে। এরমধ্যে সার্বিক সেবা খাতের অন্তর্ভুক্ত পাইকারি ও খুচরা ব্যবসা খাতের অবদান ছিল সর্বোচ্চ (১৫.৫১%) এবং রিয়েল এস্টেট খাতের অবদান দ্বিতীয় সর্বোচ্চ (৭.৮১%)। এসময়ে পরিবহণ, সংরক্ষণ খাতের অবদান দাঁড়িয়েছে ৭.৩৬ শতাংশে যার মধ্যে ৬.৫৯ শতাংশই হলো সড়ক পরিবহণ খাতের অবদান।

পরবর্তী অবস্থানসমূহে রয়েছে মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম (৩.৬৭%), জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা খাত (৩.৬০%) এবং আর্থিক ও বীমা কার্যক্রম (২.৯১%) উল্লেখযোগ্য। সারণি ২.৪-এ ২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে ২০১৭-১৮ অর্থবছর হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত জিডিপিতে খাতওয়ারি অবদানের হার উপস্থাপন করা হয়েছে।

**সারণি ২.৪: ২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপিতে খাতওয়ারি অবদানের হার**

(শতাংশ)

| খাত/উপখাত | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫* |
|---|---|---|---|---|---|---|---|---|
| **ক. কৃষি** | **১৩.১৪** | **১২.৫৬** | **১২.৫২** | **১২.০৭** | **১১.৬১** | **১১.৩০** | **১১.১৯** | **১০.৯৪** |
| **১। কৃষি ,বনজ এবং মৎস্য সম্পদ** | ১৩.১৪ | ১২.৫৬ | ১২.৫২ | ১২.০৭ | ১১.৬১ | ১১.৩০ | ১১.১৯ | ১০.৯৪ |
| ক) শস্য ও শাকসবজি | ৬.৩৯ | ৬.০৪ | ৫.৯৬ | ৫.৭ | ৫.৪৬ | ৫.৩০ | ৫.২৯ | ৫.০৬ |
| খ) প্রাণি সম্পদ | ২.১৭ | ২.০৭ | ২.০৬ | ১.৯৮ | ১.৯১ | ১.৮৫ | ১.৮৩ | ১.৮১ |

| খাত/উপখাত | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫* |
|---|---|---|---|---|---|---|---|---|
| গ) বনজ সম্পদ এবং সহায়ক সেবা | ১.৮১ | ১.৭৬ | ১.৭৮ | ১.৭৫ | ১.৭২ | ১.৭০ | ১.৭১ | ১.৭২ |
| ঘ) মৎস্য সম্পদ | ২.৭৭ | ২.৭ | ২.৭১ | ২.৬৪ | ২.৫৩ | ২.৪৫ | ২.৩৬ | ২.৩৪ |
| **খ. শিল্প** | **৩৩.৮৫** | **৩৪.৯৯** | **৩৪.৯৪** | **৩৬.০১** | **৩৬.৯২** | **৩৭.৬৫** | **৩৭.৩৭** | **৩৭.৪৪** |
| **২। খনিজ ও খনন** | ১.৮৭ | ১.৯৩ | ১.৯১ | ১.৯১ | ১.৭৬ | ১.৮৭ | ১.৭৭ | ১.৭২ |
| ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তেল | ০.৫০ | ০.৪৬ | ০.৪৩ | ০.৪০ | ০.৩৬ | ০.৩২ | ০.২৯ | ০.২৬ |
| খ) অন্যান্য খনিজ সম্পদ ও কয়লা | ১.৩৬ | ১.৪৬ | ১.৪৯ | ১.৫১ | ১.৪০ | ১.৫৪ | ১.৪৮ | ১.৪৫ |
| **৩। শিল্প (ম্যানুঃ)** | ২১.৯৮ | ২২.৮৬ | ২২.৪ | ২৩.৩৬ | ২৪.২৯ | ২৪.৮৯ | ২৪.৬২ | ২৪.৯৯ |
| ক) বৃহৎ শিল্প | ১১.৩১ | ১১.৮১ | ১১.৪৩ | ১১.৮১ | ১২.৭৫ | ১৩.০১ | ১২.৬০ | ১২.৮৪ |
| খ) ছোট, মাঝারি এবং ক্ষুদ্র শিল্প | ৬.৯৫ | ৭.১১ | ৭.০৪ | ৭.৪৯ | ৭.৩৩ | ৭.৫৩ | ৭.৫৬ | ৭.৬১ |
| গ) কুটির শিল্প | ৩.৭৩ | ৩.৯৪ | ৩.৯৪ | ৪.০৬ | ৪.২১ | ৪.৩৫ | ৪.৪৬ | ৪.৫৩ |
| **৪। বিদ্যুৎ, গ্যাস, বাষ্প এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা** | ১.২৫ | ১.২৬ | ১.২২ | ১.২৫ | ১.২৩ | ১.১৯ | ১.১৫ | ১.১৬ |
| ক) বিদ্যুৎ | ০.৯৬ | ০.৯৮ | ০.৯৭ | ১.০১ | ১.০১ | ০.৯৯ | ০.৯৬ | ০.৯৮ |
| খ) গ্যাস | ০.২৯ | ০.২৭ | ০.২৫ | ০.২৪ | ০.২২ | ০.২০ | ০.১৯ | ০.১৮ |
| **৫। পানি সরবরাহ; পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং পুনর্ব্যবহার কার্যক্রম** | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.১০ |
| **৬। নির্মাণ** | ৮.৬৫ | ৮.৮৫ | ৯.৩১ | ৯.৪ | ৯.৫৪ | ৯.৬০ | ৯.৭৩ | ৯.৪৮ |
| **গ. সেবা** | **৫৩.০১** | **৫২.৪৫** | **৫২.৫৪** | **৫১.৯২** | **৫১.৪৮** | **৫১.০৫** | **৫১.৪৪** | **৫১.৬২** |
| **৭। পাইকারি ও খুচড়া ব্যবসা; যানবাহন ও মোটরসাইকেল মেরামত** | ১৪.৯৪ | ১৫.০৫ | ১৪.৯৭ | ১৫.০৬ | ১৫.২৪ | ১৫.২৬ | ১৫.৪৮ | ১৫.৫১ |
| **৮। পরিবহণ এবং সংরক্ষণ** | ৭.৮৮ | ৭.৮০ | ৭.৬৫ | ৭.৪৪ | ৭.৩৪ | ৭.২৯ | ৭.৩৫ | ৭.৩৬ |
| ক) স্থল পথ পরিবহণ | ৬.৮৭ | ৬.৮৪ | ৬.৭ | ৬.৫৬ | ৬.৪৯ | ৬.৪৮ | ৬.৫৪ | ৬.৫৯ |
| খ ) পানি পথ পরিবহণ | ০.৫৮ | ০.৫৫ | ০.৫৩ | ০.৫১ | ০.৪৮ | ০.৪৪ | ০.৪৩ | ০.৪১ |
| গ) আকাশ পথ পরিবহণ | ০.০৯ | ০.০৯ | ০.০৯ | ০.০৮ | ০.০৮ | ০.০৮ | ০.০৮ | ০.০৮ |
| **ঘ) সংরক্ষণ এবং সহায়ক সেবা** | ০.২৮ | ০.২৮ | ০.২৮ | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ০.২৬ | ০.২৫ |
| **ঙ) ডাক ও কুরিয়ার যোগাযোগ** | ০.০৫ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ |
| **৯। আবাসন এবং খাদ্য পরিবেশন কার্যক্রম** | ১.১৭ | ১.১৪ | ১.১২ | ১.০৯ | ১.০৮ | ১.০৭ | ১.০৯ | ১.১০ |
| **১০। তথ্য ও যোগাযোগ** | ১.২৬ | ১.২৬ | ১.২৯ | ১.২৯ | ১.২৬ | ১.২৬ | ১.২৬ | ১.২৫ |
| **১১। আর্থিক এবং বীমা কার্যক্রম** | ৩.২২ | ৩.২৩ | ৩.২৬ | ৩.২২ | ৩.১৯ | ৩.০৭ | ২.৯৮ | ২.৯১ |
| ক) আর্থিক মধ্যস্থতা কার্যক্রম (ব্যাংক) | ২.৭৩ | ২.৭৫ | ২.৭৮ | ২.৭৫ | ২.৭৩ | ২.৬৩ | ২.৫৫ | ২.৪৯ |
| খ) বীমা | ০.২৯ | ০.২৮ | ০.২৮ | ০.২৭ | ০.২৬ | ০.২৫ | ০.২৪ | ০.২৩ |
| গ) অন্যান্য আর্থিক সহায়ক কার্যক্রম | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.১৯ | ০.১৯ |
| **১২। রিয়েল এস্টেট কার্যক্রম** | ৯.০৬ | ৮.৬৯ | ৮.৬৮ | ৮.৩৯ | ৮.১২ | ৭.৯২ | ৭.৮৬ | ৭.৮১ |
| **১৩। পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত কার্যক্রম** | ০.১৯ | ০.১৮ | ০.১৮ | ০.১৮ | ০.১৭ | ০.১৭ | ০.১৮ | ০.১৮ |
| **১৪। প্রশাসনিক ও সহায়তামূলক পরিষেবা কার্যক্রম** | ০.৭২ | ০.৭২ | ০.৭৪ | ০.৭৩ | ০.৭২ | ০.৭৩ | ০.৭৬ | ০.৮০ |
| **১৫। জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা** | ৩.৫৫ | ৩.৫০ | ৩.৫৬ | ৩.৫২ | ৩.৪৫ | ৩.৪৮ | ৩.৫২ | ৩.৬০ |
| **১৬। শিক্ষা** | ২.৬৯ | ২.৬৭ | ২.৭১ | ২.৬৮ | ২.৬৯ | ২.৬৮ | ২.৭৩ | ২.৮২ |
| **১৭। মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম** | ২.৮৯ | ৩.০১ | ৩.২১ | ৩.৩২ | ৩.৪০ | ৩.৪৩ | ৩.৫৯ | ৩.৬৭ |
| **১৮। শিল্পকলা ও বিনোদন** | ০.১৫ | ০.১৪ | ০.১৫ | ০.১৪ | ০.১৪ | ০.১৪ | ০.১৪ | ০.১৫ |
| **১৯। অন্যান্য সেবা কার্যক্রম** | ৫.৩০ | ৫.০৭ | ৫.০৩ | ৪.৮৫ | ৪.৬৭ | ৪.৫৪ | ৪.৪৯ | ৪.৪৫ |
| **ভিত্তি মূল্যে মোট মূল্য সংযোজন** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** |

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক।

জিডিপিতে সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন সারণি ২.৫ ও লেখচিত্র ২.২ -এ দেখানো হলো। সারণি থেকে দেখা যাচ্ছে যে, জিডিপিতে কৃষি থেকে শিল্প খাতের অবদানের কাঠামোগত পরিবর্তনের ধারা ২০২৪-২৫ অর্থবছরেও অব্যাহত আছে। কৃষি খাতের তুলনায় শিল্পখাত বিশেষত ম্যানুফ্যাকচারিং শিল্প খাতে উৎপাদনশীলতা বেশি হওয়ায় জিডিপিতে এ খাতের অবদান বৃদ্ধি পেয়েছে।


**সারণি ২.৫: স্থির মূল্যে দেশজ উৎপাদ, সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন ও প্রবৃদ্ধির ধারা**

| খাত | ১৯৮৫-৮৬ | ১৯৯০-৯১ | ১৯৯৫-৯৬ | ২০০০-০১ | ২০০৫-০৬ | ২০১০-১১ | ২০১৬-১৭ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫* |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৃষি | ৩১.১৫ | ২৯.২৩ | ২৫.৬৮ | ২৫.০৩ | ১৯.০১ | ১৮.০১ | ১৩.৬২ | ১২.৫৬ | ১২.৫২ | ১২.০৭ | ১১.৬১ | ১১.৩০ | ১১.১৯ | ১০.৯৪ |
| শিল্প | ১৯.১৩ | ২১.০৪ | ২৪.৮৭ | ২৬.২ | ২৫.৪ | ২৭.৩৮ | ৩২.৯৮ | ৩৪.৯৯ | ৩৪.৯৪ | ৩৬.০১ | ৩৬.৯২ | ৩৭.৬৫ | ৩৭.৩৭ | ৩৭.৪৪ |
| সেবা | ৪৯.৭৩ | ৪৯.৭৩ | ৪৯.৪৫ | ৪৮.৭৭ | ৫৫.৫৯ | ৫৪.৬১ | ৫৩.৪ | ৫২.৪৫ | ৫২.৫৪ | ৫১.৯২ | ৫১.৪৮ | ৫১.০৫ | ৫১.৪৪ | ৫১.৬২ |
| মোট | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| কৃষি | ৩.৩১ | ২.২৩ | ৩.১০ | ৩.১৪ | ৫.৫০ | ৪.৪৬ | ৩.২০ | ৩.২৬ | ৩.৪২ | ৩.১৭ | ৩.০৫ | ৩.৩৭ | ৩.৩০ | ১.৭৯ |
| শিল্প | ৬.৭২ | ৪.৫৭ | ৬.৯৮ | ৭.৪৫ | ৯.৮০ | ৯.০২ | ৮.২৭ | ১১.৬৩ | ৩.৬১ | ১০.২৯ | ৯.৮৬ | ৮.৩৭ | ৩.৫১ | ৪.৩৪ |
| সেবা | ৪.১০ | ৩.২৮ | ৩.৯৬ | ৫.৫৩ | ৬.৬০ | ৬.২২ | ৬.৩৭ | ৬.৮৮ | ৩.৯৩ | ৫.৭৩ | ৬.২৬ | ৫.৩৭ | ৫.০৯ | ৪.৫১ |
| জিডিপি (উৎপাদন মূল্যে) | ৩.৩৪ | ৩.২৪ | ৪.৪৭ | ৫.৪১ | ৭.১৮ | ৬.৬৪ | ৬.৫৪ | ৮.০১ | ৩.৭৬ | ৭.০০ | ৭.১৭ | ৬.২৫ | ৪.২৯ | ৪.১৪ |

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ।* সাময়িক

নোট: ২০০০-০১ অর্থবছর পর্যন্ত উপাত্তসমূহের ভিত্তিবছর: ১৯৯৫-৯৬, ২০০৫-০৬ থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত উপাত্তসমূহের ভিত্তিবছর: ২০০৫-০৬ এবং ২০১৬-১৭ অর্থবছর থেকে উপাত্তসমূহের ভিত্তিবছর: ২০১৫-১৬।

**লেখচিত্র ২.২: স্থিরমূল্যে জিডিপিতে বৃহৎ খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তনের ধারা**




* সাময়িক

লেখচিত্র ২.২ থেকে দেখা যাচ্ছে যে, ২০০৫-০৬ অর্থবছরের পূর্বে সেবা খাতের অবদান ছিল জিডিপি'র প্রায় ৫০ শতাংশ। ২০০৫-০৬ অর্থবছরে এ হার ৫৫.৫৯ শতাংশে উন্নীত হয়। তবে সাম্প্রতিক বছরসমূহে সেবা খাতের অবদান ৫১-৫২ শতাংশের মধ্যে রয়েছে।

### ব্যয়ভিত্তিক জিডিপি

সাময়িক হিসাবে ২০২৪-২৫ অর্থবছরে ভোগব্যয়ের পরিমাণ জিডিপি'র শতকরা হারে পূর্ববর্তী অর্থবছরের ৭৬.০৪ শতাংশ হতে বৃদ্ধি পেয়ে ৭৬.৭৫ শতাংশে দাঁড়িয়েছে। এর মধ্যে সরকারি ৫.৮০ শতাংশ এবং বেসরকারি ৭০.৯৬ শতাংশ। অন্যদিকে, ২০২৪-২৫ অর্থবছরে দেশজ সঞ্চয়ের হার হ্রাস পেয়ে দাঁড়িয়েছে জিডিপি'র ২৩.২৫ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল জিডিপি'র ২৩.৯৬ শতাংশ। জাতীয় সঞ্চয়ের হার পূর্ববর্তী অর্থবছরের ২৮.৪২ শতাংশ হতে বৃদ্ধি পেয়ে ২০২৪-২৫ অর্থবছরে ২৯.০১ শতাংশে দাঁড়িয়েছে।

সারণি ২.৬-এ ব্যয়ভিত্তিতে নিরূপিত জিডিপি ও সারণি ২.৭-এ জিডিপি'র শতকরা হারে ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ পরিস্থিতি এবং লেখচিত্র ২.৩ এ জিডিপি'র শতকরা হারে বিনিয়োগ, দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় গতিধারা তুলে ধরা হয়েছে।

## সারণি ২.৬ ঃ চলতি বাজারমূল্যে ব্যয়ভিত্তিক জিডিপি

(কোটি টাকায়)

| খাত | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫* |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. অভ্যন্তরীণ চাহিদা [(২)+(৩)] | **২৪১৪৫১৬** | **২৭৮১০১৩** | **৩১০৮৭২১** | **৩৩০৪৫৯১** | **৩৭৩০৫৯১** | **৪২৪২৭০২** | **৪৭২৩৯৯২** | **৫৩৩৯৯৯৮** | **৫৮৯৩৩০৩** |
| ২. ভোগ | **১৬৯৫২১৬** | **১৯৪১১৩৬** | **২১৫৭৯৫৫** | **২৩১১৯৮২** | **২৬৩৫৫৭২** | **২৯৬৯৮৭৫** | **৩৩৩৪০২৩** | **৩৮০৪১৫৯** | **৪২৬১৯৫৪** |
| বেসরকারি | ১৫৫৫২৩৯ | ১৭৮৩৮৫৯ | ১৯৭৩৮৪০ | ২১২২৬৬৭ | ২৪২৭৯০০ | ২৭৪৩৫২৭ | ৩০৭৯৬০৯ | ২৯৫৫৬১ | ৩৯৪০১২১ |
| সরকারি | ১৩৯৯৭৮ | ১৫৭২৭৭ | ১৮৪১১৬ | ১৮৯৩১৫ | ২০৭৬৭২ | ২২৬৩৪৮ | ২৫৪৪১৪ | ৩৫০৮৫৯৯ | ৩২১৮৩৩ |
| ৩. বিনিয়োগ | **৭১৯৩০০** | **৮৩৯৮৭৭** | **৯৫০৭৬৫** | **৯৯২৬০৯** | **১০৯৫০১৯** | **১২৭২৮২৭** | **১৩৮৯৯৬৯** | **১৫৩৫৮৩৯** | **১৬৩১৩৪৯** |
| বেসরকারি | ৫৪৯৯৪২ | ৬৫৮৩৩৪ | ৭৪৫২২৮ | ৭৬১৪০৭ | ৮৩৬৬৮২ | ৯৭৩৬৭১ | ১০৮৬০৮০ | ৩৩৭৩৭৯ | ১২৪৮৩৬৬ |
| সরকারি | ১৬৯৩৫৮ | ১৮১৫৪২ | ২০৫৫৩৮ | ২৩১২০২ | ২৫৮৩৩৭ | ২৯৯১৫৬ | ৩০৩৮৮৯ | ১১৯৮৪৬১ | ৩৮২৯৮৩ |
| ৪. নীট রপ্তানি | -১০১৩৪৫ | -১৮৯১০৪ | -১৫৯০৩৯ | -১৭০৭৫৭ | -২২৫৮৭৭ | -৩১৮৩৫৪ | -২০৯৬৬১ | -২৯২৯৪০ | -২৯৫০৮৬ |
| ৫. স্থূল দেশজ ব্যয় | **২৩১৩১৭১** | **২৫৯১৯০৯** | **২৯৪৯৬৮২** | **৩১৩৩৮৩৪** | **৩৫০৪৭১৪** | **৩৯২৪৩৪৮** | **৪৫১৪৩৩১** | **৫০৪৭০৫৮** | **৫৫৯৮২১৬** |
| ৬. মোট দেশজ উৎপাদ | ২৩২৪৩০৭ | ২৬৩৯২৪৮ | ২৯৫১৪২৯ | ৩১৭০৪৬৯ | ৩৫৩০১৮৫ | ৩৯৭১৭১৬ | ৪৪৯০৮৪২ | ৫০০২৬৫৪ | ৫৫৫২৭৫৩ |
| ৭.পরিসংখ্যানিক ভ্রান্তি | ১১১৩৬ | ৪৭৩৩৯ | ১৭৪৭ | ৩৬৬৩৬ | ২৫৪৭১ | ৪৭৩৬৮ | -২৩৪৮৯ | -৪৪৪০৪ | -৪৫৪৬৪ |

উৎস:বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। * সাময়িক।


২০২৪-২৫ অর্থবছরে বিনিয়োগ পূর্ববর্তী অর্থবছরের তুলনায় জিডিপি'র ৩০.৭০ শতাংশ থেকে হ্রাস পেয়ে দাঁড়িয়েছে জিডিপি'র ২৯.৩৮ শতাংশে। এর মধ্যে সরকারি ও বেসরকারি বিনিয়োগ যথাক্রমে জিডিপির ৬.৯০ শতাংশ ও ২২.৪৮ শতাংশ।

## সারণি ২.৭: ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ (জিডিপি'র শতকরা হারে)

| খাত | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫* |
|---|---|---|---|---|---|---|---|---|
| **১. ভোগ** | **৭৩.৫৫** | **৭৩.১২** | **৭২.৯২** | **৭৪.৬৬** | **৭৪.৭৮** | **৭৪.২৪** | **৭৬.০৪** | **৭৬.৭৫** |
| বেসরকারি | ৬৭.৫৯ | ৬৬.৮৮ | ৬৬.৯৫ | ৬৮.৭৮ | ৬৯.০৮ | ৬৮.৫৮ | ৭০.১৩ | ৭০.৯৬ |
| সরকারি | ৫.৯৬ | ৬.২৪ | ৫.৯৭ | ৫.৮৮ | ৫.৭০ | ৫.৬৭ | ৫.৯১ | ৫.৮০ |
| **২. বিনিয়োগ** | **৩১.৮২** | **৩২.২১** | **৩১.৩১** | **৩১.০২** | **৩২.০৫** | **৩০.৯৫** | **৩০.৭০** | **২৯.৩৮** |
| বেসরকারি | ২৪.৯৪ | ২৫.২৫ | ২৪.০২ | ২৩.৭০ | ২৪.৫২ | ২৪.১৮ | ২৩.৯৬ | ২২.৪৮ |
| সরকারি | ৬.৮৮ | ৬.৯৬ | ৭.২৯ | ৭.৩২ | ৭.৫৩ | ৬.৭৭ | ৬.৭৪ | ৬.৯০ |
| **৩. দেশজ সঞ্চয়** | **২৬.৪৫** | **২৬.৮৮** | **২৭.০৮** | **২৫.৩৪** | **২৫.২২** | **২৫.৭৬** | **২৩.৯৬** | **২৩.২৫** |
| **৪. জাতীয় সঞ্চয়** | **৩০.৬১** | **৩১.১৪** | **৩১.৪২** | **৩০.৭৯** | **২৯.৩৫** | **২৯.৯৫** | **২৮.৪২** | **২৯.০১** |

উৎস:বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো । * সাময়িক।

## লেখচিত্র ২.৩: জিডিপি'র শতকরা হারে বিনিয়োগ, দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় গতিধারা




* সাময়িক